

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 23-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM, Russia :

আজ থেকে কাজানে ষোড়শ ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা অর্থাৎ ব্রিকস শীর্ষ সম্মেলন শুরু হচ্ছে। এতে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল দুই দিনের সফরে কাজান পৌঁছেছেন।

প্রধানমন্ত্রী গতকাল বিকেলে কাজানে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাশিয়া-ইউক্রেন দ্বন্দ্ব শান্তিপূর্ণ উপায়ে সমাধান করা উচিত বলে ভারতের অবস্থান পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন যে ভারত এই বিষয়ে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা দিতে প্রস্তুত।

প্রধানমন্ত্রী মোদি ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ানের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। উভয় নেতা দুই দেশের মধ্যে সম্পর্কের সম্পূর্ণ পরিসর পর্যালোচনা করেছেন এবং ভবিষ্যতে বিভিন্ন ক্ষেত্রে সম্পর্ক গভীর করার উপায় নিয়েও আলোচনা করেছেন।

প্রধানমন্ত্রী মোদি আজ কাজানে ব্রিকস সম্মেলনের অবসরে চীনা রাষ্ট্রপতি শি জিনপিংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

National Water Award :

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম গতকাল নতুন দিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার ২০২৩ প্রদান করেছেন। নয়টি বিভাগে ৩৮টি পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে সরকার জল

জীবন মিশনের অধীনে সারা দেশে ৭৮ শতাংশেরও বেশি গ্রামীণ পরিবারকে কলের জলের সংযোগ প্রদান করেছে। তিনি বলেন জল জীবন মিশনের কারণে গ্রামীণ এলাকায় বসবাসকারী মানুষের জীবনে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। এবার সেরা রাজ্যের বিভাগে ওড়িশা প্রথম, উত্তরপ্রদেশ দ্বিতীয় এবং গুজরাট ও পুদুচেরি যৌথভাবে তৃতীয় স্থান অধিকার করেছে। সেরা জেলা বিভাগে, উত্তরপূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা রাজ্যের ধলাই জেলা সেরা জেলার পুরস্কার পেয়েছে। গতকাল ধলাই এর জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কার গ্রহণ করেন।

অনুষ্ঠানে জানানো হয়, ধলাই জেলায় জল ব্যবস্থাপনায় ১৩৭টি বৃক্ষির জলধারণের ব্যবস্থা ও ১৭৬টি চেকড্যাম তৈরি করা হয়েছে। এছাড়াও ব্যাপকভাবে বৃক্ষরোপণ করা হয়েছে।

CM-Dental College :

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক আগরতলা সরকারি ডেন্টাল কলেজে বিডি এস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। স্বাস্থ্য মন্ত্রকের অবর সচিব অমিত কুমার এক চিঠিতে জানিয়েছেন, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আগরতলা সরকারি ডেন্টাল কলেজে বিডি এস কোর্সের জন্য আসন সংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ৬৩ করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আসন সংখ্যা বৃদ্ধির জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড়াকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

NF RailWay Special Train :

এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, যাত্রী ভিড় সামলাতে আজ আগরতলা-শিয়ালদহ মধ্যে একটি বিশেষ ট্রেন চলবে। আজ সন্ধ্যা ৭টায় এই বিশেষ ট্রেনটি আগরতলা থেকে রওনা হবে এবং শুক্রবার সকাল ৮টা ৪০ মিনিটে শিয়ালদহ

পৌছুবে। যাত্রাপথে আমবাসা, ধর্মনগর, নিউ হাফলং, লামডিং, গুয়াহাটি, নিউ জলপাইগুড়ি, কিশানগঞ্জ, মালদা টাউন, নিউ ফরাঙ্কা, রামপুরহাট, সাঁইথিয়া, বোলপুর, বর্ধমান, দক্ষিণেশ্বর সহ ২৯টি ষ্টেশনে থামবে। আগরতলা রেল ষ্টেশনের ষ্টেশন মাস্টার এই সংবাদ জানিয়েছেন।

Beti Bachao Beti Padao-Gomoti :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্য বর্তমানে প্রায় ৫ লক্ষ মহিলা স্বসহায়ক দলের সঙ্গে যুক্ত রয়েছেন। তাছাড়া ১ লক্ষ দিদিকে লাখপতি দিদি বানানোর জন্য কাজ চলছে। এরমধ্যে এখন প্রায় ৮৩,০০০ দিদি লাখপতি হয়ে গেছেন। গতকাল উদয়পুরের রাজৰ্ষি হলে গোমতী জেলাভিত্তিক 'বেটি বাঁচাও বেটি পড়াও' কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। অর্থমন্ত্রী বলেন, আগে কন্যা সন্তানকে সমাজের বোৰা মনে করা হতো। তাদের অবহেলা করা হতো। কন্যা ভ্রংণ হত্যা করা হতো। এই ভাবনা থেকে বেরিয়ে আসার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানের ডাক দিয়েছেন। বর্তমানে এটি একটি স্লোগান নয়, একটি আন্দোলন। রাজ্যও খুব গুরুত্ব দিয়ে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি রূপায়ণ করা হচ্ছে। গোমতী জেলা প্রশাসন, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে বিধায়ক অভিষেক দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার প্রমুখ বক্তব্য রাখেন। এই অনুষ্ঠানে শিক্ষা, খেলাধুলা, সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য ২০০ জন ছাত্রী এবং মহিলাকে সংবর্ধনা দেওয়া হয়।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে অক্টোবর রাবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৫তম পর্ব। জনগণ তাদের সুচিত্তি চিন্তাভাবনা my gov open forum -এ এবং নম: APP-এ পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Protest Rally at Manubazar :

বাদল ত্রিপুরার মৃত্যুর ঘটনার তদন্ত সিআইডি ও ক্রাইম ব্রাঞ্চের হাতে তুলে দেওয়া, মৃত বাদল ত্রিপুরার স্ত্রীকে সরকারি চাকুরী, সহ পরিবারকে ৫০ লাখ টাকার ক্ষতিপূরণ প্রদান ও পুলিশী ব্যবস্থার সংস্কারের দাবিতে গতকাল দক্ষিণ জেলার মনুবাজারে বিক্ষোভ মিছিল করলো ত্রিপুরা চুবালাই বুথু, ত্রিপুরী সমাজের নারান, পোমাং পরিষদ ও ত্রিপুরা সুরক্ষাই বুথু। বিক্ষোভ মিছিল শেষে মনুবাজার মোটর স্ট্যান্ডে ৪ দফা দাবির সমর্থনে বক্তব্য রাখেন ত্রিপুরা চুবালাই বুথুর কেন্দ্রীয় কমিটির সভাপতি শচীন্দ্র ত্রিপুরা, কেন্দ্রীয় কমিটির সদস্য পূর্ণ ত্রিপুরা ও সংগনের সাব্রহ্ম মহকুমা সম্পাদক হীরেন্দ্র ত্রিপুরা। পরে ত্রিপুরী সমাজের নেতারা মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে ৪ দফা দাবিসনদ সাতচাঁদ ব্লকের বিডিও অনুপম দাসের হাতে তুলে দেন।

Sadasyata Abhijan :

আগরতলা পুর নিগমের মেয়ার তথা বিধায়ক দীপক মজুমদার গতকাল টাউন বড়দোয়ালি বিজেপি মন্ডলের অন্তর্গত রামনগর ৪ নম্বর রাস্তায় বাড়ি বাড়ি সদস্যতা অভিযানের দ্বিতীয় পর্যায়ে

অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন স্থানীয় কর্পোরেটের সহ অন্যান্য কার্যকর্তারা।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
